গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ১৫০-আইন/২০১৩/২৪৩৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের ২৪ ভাদ্র, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৮ সেপ্টেম্বর, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৮০-আইন/২০১১/২৩৬৭/কাস্টমস্ রহিত করিয়া, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাধীন কলাম (2) তে বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত যন্ত্রাংশ ও উপকরণকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর ও ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল ঃ

শর্ত

(১) আমদানিকারক প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত সমুদ্রগামী অথবা অভ্যন্তরীণ পণ্যবাহী অথবা যাত্রীবাহী জাহাজ অথবা ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠান হইতে হইবে।

(২) TABLE এ বর্ণিত পণ্যসমূহের মধ্যে হেডিং ৭২.০৮ এর আওতাভুক্ত পণ্যসমূহ Shipbuilding Quality Grade-A Plate হইতে হইবে ও প্রতিষ্ঠিত Classification Society (LRS Class, GL Class, NKK Class, ABS Class প্রভৃতি) কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং উহার প্রমাণস্বরূপ প্রত্যয়নপত্র/সনদপত্র শুল্কায়নকালে কাস্টম হাউস/কাস্টম স্টেশনে দাখিল করিতে হইবে।

(৩) আমদানিকৃত যন্ত্রাংশ ও উপকরণ শুধু নিবন্ধিত সমুদ্রগামী অথবা অভ্যন্তরীণ পণ্যবাহী অথবা যাত্রীবাহী জাহাজ অথবা ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করিতে হইবে এবং এই মর্মে আমদানিকারক কর্তৃক ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অংগীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ এর নিকট দাখিল করিতে হইবে।

(৪) প্রতিটি জাহাজ/ড্রেজার নির্মাণে আমদানিকৃত যন্ত্রাংশ ও উপকরণ কি পরিমাণে ব্যবহৃত হইয়াছে সেই বিষয়ে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (BUET) এর Naval Architect & Marine Department এর বিশেষজ্ঞ দলের (expert team) লিখিত মতামত গ্রহণপূর্বক উহা সংশ্লিষ্ট কাস্টম হাউস/ষ্টেশন এবং কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কর্মকর্তাকে আমদানিকারক কর্তৃক লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং এই ক্ষেত্রে প্রযোজ্য চার্জ/ফি সহ সকল ব্যয় আমদানিকারককে বহন করিতে হইবে।

(৫) পণ্যচালান খালাসের ১ (এক) বৎসরের মধ্যে আমদানিকৃত পণ্যসমূহ নিবন্ধিত সমুদ্রগামী অথবা অভ্যন্তরীণ পণ্যবাহী অথবা যাত্রীবাহী জাহাজ অথবা ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করা হইয়াছে কি না উহা সংশ্লিষ্ট কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কর্মকর্তা কর্তৃক শর্ত (৪) অনুযায়ী প্রাপ্ত মতামত বিবেচনা ও সরেজমিনে প্রতিষ্ঠান তদন্তপূর্বক স্বীয় স্বাক্ষরে পরিশিষ্ট-২ অনুযায়ী সরেজমিনে তদন্তের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ বরাবর প্রেরণ করিতে হইবে।

(৬) শর্ত (৫) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত যন্ত্রাংশ ও উপকরণ আমদানিকারক প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে তাহা হইলে শর্ত (৩) অনুযায়ী প্রদত্ত অংগীকারনামা ফেরতযোগ্য হইবে, অন্যথায় প্রযোজ্য হারে শুল্ক, কর এবং অর্থদন্ড বা জরিমানা আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
72.08	7208.40.90	Flat-rolled products or iron or non-alloy steel, of a width of 600 mm or more. hot-rolled, not clad, plated or coated, not in coils, not further worked than hot-rolled, with patterns in relief.
	7208.51.90	Flat-rolled products or iron or non-alloy steel, of a width of 600 mm or more, hot-rolled, not clad, plated or coated, not in coils, not further worked than hot-rolled, of a thickness exceeding 10 mm
	7208.52.90	Flat-rolled products or iron or non-alloy steel, of a width of 600 mm or more, hot-rolled, not clad, plated or coated, not in coils, not further worked than hot-rolled, of a thickness of 4.75 mm or more but not exceeding 10 mm

	7208.90.90	Flat-rolled products or iron or non-alloy steel, of a width of 600 mm or more, hot-rolled, not clad, plated or coated, not in coils, not further worked than hot-rolled, other.
72.16	7216.50.00	Other angles, shapes and sections, not further worked than hot-rolled, hot-drawn or extruded
73.04	7304.31.00	Other, of circular cross-section, of iron or non-alloy steel : Cold-drawn or cold-rolled (cold-reduced)
	7304.39.90	Other, of circular cross-section, of iron or non-alloy steel :Other
73.15	7315.89.00	Anchor chain with standard accessories
73.16	7316.00.00	Anchors, grapnels and parts thereof, of iron or steel.
76.04	7604.21.00	Hollow profiles
84.83	8483.10.90	Transmission shafts (including cam shafts and crank shafts) and cranks
84.87	8487.10.00	Ships' or boats' propellers and blades therefor
89.06	8906.90.00	Life boat
89.07	8907.10.00	Rafts
94.05	9405.40.90	Navigation light

পরিশিষ্ট-১

অঙ্গীকারনামা
[শর্ত (৩) দ্রষ্টব্য]

আমি ------------------------------------ (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স --(প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, প্রতিষ্ঠানটি বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর ....)। আমি ঋণপত্র নং---------- -------------------- তারিখ ঃ--------------- ইনভয়েস নং------------------ তারিখ ঃ ----------------- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ---------------------- তারিখ ঃ ----------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রাংশ ও উপকরণ পণ্যবাহী/যাত্রীবাহী জাহাজ/ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করিব এবং উহার কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও Customs Act, 1969 এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর ঃ ....

তারিখ ঃ

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ ....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ....

পরিশিষ্ট-২

প্রত্যয়ন পত্র

[শর্ত (৫) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -- (সম্পূর্ণ নাম ও ঠিকানা) বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নম্বর ....) পণ্যবাহী/যাত্রীবাহী জাহাজ/ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠান। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ------------------------------- তারিখ ঃ ------------------- ইনভয়েস নং ------------------------- তারিখ ঃ ------------------ বিল অব এন্ট্রি নং ------------------------ তারিখ ঃ ---------------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রাংশ ও উপকরণ বা উহার অংশবিশেষ (অংশবিশেষ ব্যবহৃত হইলে উক্ত ব্যবহৃত অংশের পরিমাণ উল্লেখ করিতে হইবে) উল্লিখিত পণ্যবাহী/যাত্রীবাহী জাহাজ/ড্রেজার প্রস্তুতকারী প্রতিষ্ঠানে ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষর ঃ ....

নাম ঃ ....

তারিখ ঃ

পদবী ঃ বিভাগীয় কর্মকর্তা

কাস্টমস্‌, এক্সাইজ ও ভ্যাট

বিভাগীয় দপ্তর, ...।

সীল ঃ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ নাসির উদ্দিন)

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।